যুগান্তর

তারিখ 19 FEB 2014
পৃষ্ঠা ৭ কলাম ৩

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# শিক্ষার্থীদের ওপর গুলি চালানোর বৈধতা চ্যালেঞ্জ করে রিট

যুগান্তর রিপোর্ট

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত সাধারণ শিক্ষার্থীদের ওপর পুলিশের গুলি চালানোর বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে একটি রিট আবেদন দায়ের করা হয়েছে।

১৪ জন শিক্ষক ও সংগঠকের পক্ষে সুপ্রিমকোর্টের আইনজীবী ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া মঙ্গলবার এ রিট আবেদন করেন। রিট আবেদনটি রোববার হাইকোর্টের বেঞ্চে শুনানির জন্য উত্থাপন করা হবে।

এর আগে ১১ ফেব্রুয়ারি সাধারণ শিক্ষার্থীদের ওপর কেন গুলি চালানো হয়েছিল এবং গুলি চালানোর আগে ও পরে কী কী প্রক্রিয়া অনুসরণ করা হয়েছিল তা জানতে চেয়ে সরকারের সংশ্লিষ্টদের একটি লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছিল। ওই নোটিশের জবাব না দেয়ায় মঙ্গলবার রিট আবেদনটি করা হয়।

রিটে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সান্ধ্য কোর্স চালু ও বিভিন্ন ফি বৃদ্ধির প্রতিবাদে ২ ফেব্রুয়ারি 'সাধারণ শিক্ষার্থীদের শান্তিপূর্ণ কর্মসূচি' চলাকালে পুলিশের প্রকাশ্য গুলি চালানো কেন অবৈধ ঘোষণা করা হবে না— তা জানতে চেয়ে রুল জারির আবেদন জানানো হয়েছে।

স্বরাষ্ট্র সচিব, পুলিশের মহাপরিদর্শক, রাজশাহীর পুলিশ কমিশনার ও রাজশাহীর মতিহার থানার ওসিকে এ রিটে বিবাদী করা হয়েছে।

ওই ঘটনায় মতিহার থানার ওসির ভূমিকা ব্যাখ্যা করার জন্য তাকে আদালতে তলবেরও আবেদন জানিয়েছেন রিটকারীরা।